

সত্ত্বন ধারা ও বৈশিষ্ট্য

# আমাদেশময়

## পাঁচ কওমি শিক্ষা বোর্ডের প্রতিনিধি ছাড়াই বৈঠক

প্রকাশ | ১৩ মার্চ ২০১৮, ০০:০০



হাটহাজারী (চট্টগ্রাম) প্রতিনিধি

পাঁচ কওমি শিক্ষা বোর্ডের প্রতিনিধি ছাড়াই অনুষ্ঠিত হলো আল-হাইয়াতুল উলাইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশের (হাইয়াতুল উলাইয়া) বৈঠক। গতকাল সোমবার সকালে হাটহাজারী মাদ্রাসায় হেফাজত আমিরের কার্যালয়ে ওই বৈঠক অনুষ্ঠিত হয়।

সকাল সাড়ে ১০টা থেকে হেফাজত আমিরের কার্যালয়ে ‘হাইয়াতুল উলাইয়া’র শুরু হওয়া বৈঠক প্রায় দেড় ঘণ্টা স্থায়ী হয়। বৈঠকে হাইয়াতুল উলাইয়ার অন্তর্ভুক্ত বেফাকুল মাদারিসিল অ্যারাবিয়া, ইতেহাতুল মাদারিসিল কওমিয়া, আযাদ দ্বীনি এদারা বোর্ড, তানজিমুল মাদারিসিল কওমিয়া, জাতীয় দ্বীনি মাদ্রাসা শিক্ষা বোর্ডের কোনো প্রতিনিধি অংশ নেননি বলে মুঠোফোনে এ প্রতিবেদককে নিশ্চিত করেন বেফাকুল মাদারিসিল অ্যারাবিয়া বাংলাদেশের (বেফাক) মহাসচিব ও ঢাকার ফরিদাবাদ মাদ্রাসার মহাপরিচালক মাওলানা আবদুল কুদুস।

বৈঠকের অন্য পাঁচ বোর্ডের প্রতিনিধিদের অনুপস্থিতির কারণ মুঠোফোনে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করেননি। বৈঠকে কওমি মাদ্রাসার অনুষ্ঠিতব্য দাওয়ায়ে হাদিসের (এমএ মাস্টার্স) পরীক্ষা নিয়ে ব্যাপক আলাপ-আলোচনা হয়েছে এবং বৈঠকের বেফাকের ২২ সদস্যদের মধ্যে ১৯ সদস্য উপস্থিত ছিলেন বলে জানান। তবে অন্যান্য আলোচ্য বিষয় সম্পর্কে তিনি কোনো মন্তব্য না করে ফোনের সংযোগ বিছিন্ন করে দেন।

নাম প্রকাশে অনিচ্ছুক বেফাকে কর্মরত একজন আলেম এ প্রতিবেদককে জানান, কওমি মাদ্রাসার দাওয়ায়ে হাদিসকে মাস্টার্স (আরবি ও ইসলামিক স্টাডিজ) সম্মান দেওয়ার তথা সনদ পাওয়ার আগেই পাঁচ কওমি শিক্ষা বোর্ডের প্রতিনিধিদের অনুপস্থিতিতে আজকের (সোমবার) বৈঠকের মধ্য দিয়ে হাইয়াতুল উলাইয়া দ্বিধাবিভক্তির দিকে এগিয়ে গেল। বিগত সময়ে হাইয়াতুল উলাইয়ার বৈঠকের খবর বিভিন্ন গণমাধ্যমে প্রচার করতে দেখা গেছে। তবে গতকালের বৈঠকের খবর প্রচারবিমুখ ছিল বেফাকের শীর্ষ নেতৃবৃন্দরা।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি